

দৈনিক ইত্তেফাক

সোমবার, ২০ চৈত্র, ১৪১২

আগুনের ঝুঁকির মধ্যে ৫ শতাধিক গার্মেন্টস কারখানা

পরিকল্পিত গার্মেন্টস ভিলেজ গড়িয়া না ওঠায় চট্টগ্রামে পাঁচ শতাধিক পোশাক শিল্প কারখানা অগ্নিঝুঁকির মধ্যে রহিয়াছে। গত ৩০ মার্চ পত্রিকান্তরে প্রকাশিত এক রিপোর্টে বলা হয়, চট্টগ্রামে ছোট-বড় প্রায় ৭শত গার্মেন্টস কারখানা থাকিলেও উৎপাদনমুখী কারখানার সংখ্যা ৫৭০টি। এইসব কারখানা আগুনের সমূহ ঝুঁকির মধ্যে রহিয়াছে। যে কোন সময় পুড়িয়া ছাই হইয়া যাইতে পারে আড়াই হাজার কোটি টাকারও বেশী সম্পদ। প্রতিটি কারখানায় ৩০ হইতে ৪০ ফুট দূরত্বে অগ্নিনির্বাপনের জন্য একটি করিয়া সিলিণ্ডার থাকার নিয়ম থাকিলেও অধিকাংশ কারখানায় তাহা নাই। কারখানার শ্রমিকদের মধ্যে প্রতি ৬০ জনের মধ্যে একজন শ্রমিককে অগ্নিকাণ্ডের সময় করণীয় বিষয়ক বিশেষ প্রশিক্ষণ দেওয়ার কথা কারখানা আইনে উল্লেখ থাকিলেও